Please write clearly in block capitals.

| | |
|---|---|
| Centre number | |
| Candidate number | |
| Surname | |
| Forename(s) | |
| Candidate signature | |

# GCSE
# BENGALI
# H

## Higher Tier Paper 3 Reading

Monday 20 May 2019 Afternoon Time allowed: 1 hour

**Materials**
- You will need no other materials.

**Instructions**
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**. In **Section C**, translate the passage into **English**.
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.
- You must **not** use a dictionary.

| For Examiner's Use | |
|---|---|
| Question | Mark |
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |
| 6 | |
| 7 | |
| 8 | |
| 9 | |
| 10 | |
| 11 | |
| 12 | |
| TOTAL | |

Do not write outside the box

## Section A

Questions and answers in **English**

**0 1** **My home town**

Read this extract from Rabindranath Tagore's 'Chelebela'.

আমার ছেলেবেলায় কলকাতা শহর এখনকার মতো সন্ধ্যাবেলায় এতো ব্যস্ত ছিলো না। সে সময়টাতে শহরের লোকজন ও মজুরের দল কাজ শেষ করে ঘরে ফিরে আসতো কারণ রাতে কল-কারখানা চলতো না। রাস্তার দুধারের দোকানগুলোতে বেচাকেনা থাকতো সামান্য। অফিস থেকে ফেরার দল ফুটবল ময়দানের সামনে ভিড় না জমালেও নাটক দেখার ফুর্তি দেখা যেতো। কিন্তু আমরা সে সময়ে ছেলেমানুষ থাকায় বড়োদের আমোদে ভাগ বসাতে পারতাম না।

গা ধুতে যাবার আগে ঘরের সামনে বসে মেয়েরা চুল বাঁধতো। তখন বাড়িতে মেয়েদের খোঁপায় জড়ানো বেলীফুলের মালার গন্ধ ছড়িয়ে যেতো বাতাসে। তাদের পরনে থাকতো কালোপেড়ে তাঁতের শাড়ি। নাপতিনী আসতো। ঝামা দিয়ে পা ঘষে পায়ে মল পরাতো।

For each of the sentences below, write **T** (true), **F** (false) or **NM** (not mentioned).

**0 1 . 1** During the author's childhood, Kolkata was not very busy in the evening.

**[1 mark]**

**0 1 . 2** People used to play football in the playground in the evening.

**[1 mark]**

**0 1 . 3** The factory workers used to work until late at night.

**[1 mark]**

**0 1 . 4** Young people were not allowed to enjoy the entertainment with the adults.

**[1 mark]**

**0 1 . 5** The women used to do their hair with fragrant flowers.

**[1 mark]**

**0 1 . 6** After washing, women used to wear exclusive designer saris.

**[1 mark]**

**0 1 . 7** The women's feet were decorated with anklets.

**[1 mark]**

7

Do not write outside the box

**0 2** **Saving the environment**

Read these posts from a Bangladeshi website to help you complete your project on the environment.



*কান্তা লিখেছে :*

আমাদের দেশের বড়ো বড়ো শহরে পরিবেশ দূষণের অন্যতম কারণ হচ্ছে যানজট । এই যানজটের কারণে বড়ো বড়ো শহরের লোকজনের রোজকার জীবনে দুর্ভোগ হচ্ছে । তারা সময়মতো কাজের জায়গায় যেতে পারছে না । স্কুল-কলেজের লেখাপড়ায়ও অনেক বিঘ্ন ঘটছে । রাস্তাঘাটে দীর্ঘ সময় আটক থাকার জন্য অনেকে অসুস্থ হয়ে পড়ে । তাই জরুরী ভিত্তিতে এই সমস্যার সমাধান করা দরকার ।



*অনিল লিখেছে :*

তুমি ঠিকই বলেছো । যানজট কমাতে হলে প্রথমত রাস্তাগুলো প্রশস্ত করতে হবে । রাস্তার দুইপাশে পায়ে চলার পথ বানাতে হবে । রাস্তায় গাড়ির ব্যবহার কমাতে হবে । তবে মূলপদক্ষেপ হবে সরকারি যানবাহনের সংখ্যা বাড়ানো এবং সব বেসরকারি যানবাহনের ওপর অতিরিক্ত কর বসানো ও কর আদায় না হলে জরিমানা ধার্য করা ।

Answer the questions in **English**.

**0 2 . 1** According to Kanta, what is the main cause of pollution in big cities?

**[1 mark]**

_______________________________________________

**0 2 . 2** How is this affecting people's daily lives? Give **two** details.

**[2 marks]**

1 _______________________________________________

2 _______________________________________________

**0 2 . 3** According to Anil, what are the **main** solutions to overcome this problem? Give **two** details.

**[2 marks]**

1 _______________________________________________

2 _______________________________________________

5

**Turn over ▶**

Do not write outside the box

**0 3** **Future plans**

Read these posts by two students from your partner school in Bangladesh.
They are talking about their future ambitions.



আমি ভবিষ্যতে একজন উকিল হতে চাই। আমি গরিব লোকজনকে ন্যায় বিচার দেওয়ার জন্য বিনা পয়সায় তাদের সাহায্য করতে চাই। তবে আইন বিষয়ে পড়া বেশ ব্যয়সাপেক্ষ। তাই আমি স্থির করেছি যে পড়ালেখার সাথে সাথে আমি একজন আইনজীবীর অফিসে কাজ করবো। এতে আমার লেখাপড়ার খরচ উঠে আসবে এবং সেই সাথে আইন বিষয়ে যথেষ্ট অভিজ্ঞতাও হবে। আমার ভাইবোন অনেক, তাই বাবা-মায়ের ওপর আর্থিক চাপ না দিয়ে আমি অনায়াসে উকিল হয়ে আমার লক্ষ্য পূরণে সফল হতে পারবো।

*জায়েদ*

**0 3 . 1** Which **three** statements are true? Write the correct letters in the boxes.

| | |
|---|---|
| **A** | Zaid wants to have a job where he can help rich people. |
| **B** | Zaid's ambition is to fight for justice for those who deserve it. |
| **C** | Studying Law will be quite lengthy for Zaid. |
| **D** | Zaid will work alongside studying. |
| **E** | There will be a financial burden and pressure on his parents. |
| **F** | His work experience will help him realise his dreams. |

☐ ☐ ☐

**[3 marks]**

Do not write outside the box



আমি স্কুল শেষ করে এ-লেভেল করতে চাই না। । শুধু দিন-রাত পরিশ্রম করে লেখাপড়া করে ডিগ্রী পেলেও কোনো নিশ্চয়তা নেই যে আমি আমার যোগ্যতা অনুযায়ী বেশি বেতনের চাকরী পাবো। তাই আমি স্থির করেছি যে শিক্ষানবিশি করবো। এতে হাতে-কলমে কাজ শেখার সাথে সাথে অর্থ উপার্জনের পথও খুলে যাবে। আমি মনে করি জীবন গড়ার জন্য আর্থিক সচ্ছললতা থাকারও-বিশেষ প্রয়োজন।

*শিপা*

**0 3 . 2** Which **two** statements are true? Write the correct letters in the boxes.

| | |
|---|---|
| **A** | Shipa would like to continue her education after GCSEs. |
| **B** | Shipa thinks that there is no job guarantee after obtaining a degree. |
| **C** | Shipa intends to look for any kind of job. |
| **D** | Shipa believes that financial stability is necessary to build up a career. |

[ ] [ ]

**[2 marks]**

5

**Turn over for the next question**

**Turn over ▶**

Do not write outside the box

## 0 4 Social issues

You read this article about a charity organisation in Sylhet called 'Kollan'.

কল্প জগৎ বা আদর্শ জগতে পথে পথে কেউই রাত কাটায় না। কিন্তু বাস্তবে অসংখ্য লোক পথে পথে রাত কাটায়। এদের না আছে থাকার জায়গা, না আছে খাওয়া-পরার সামর্থ্য। তাই গৃহহীন এসব লোকজনকে পূনর্বাসন করার জন্য স্থানীয় সেবা সংস্থা 'কল্যাণ' হাত বাড়িয়েছে। 'কল্যাণ'-এর সেবার মধ্যে রয়েছে পরিষ্কার-পরিচ্ছন্ন ও নিরাপদ বাসস্থান, গরম খাবারের ব্যবস্থা এবং চিকিৎসা সেবার সুযোগ। পুরনো ঢাকার মামুন গতো দশ বছর ধরে পথেই তার জায়গা করে নিয়েছে। প্রথমে সে তার চাকরী হারালো, পয়সার অভাবে খাওয়া-পরা বন্ধ হলো। বাড়িভাড়া অনেক বাকি পড়ায় বাড়িওয়ালা তাকে বাড়ি ছাড়া করলো। এতে তার বন্ধু-বান্ধব ও আত্মীয়স্বজন তাকে একা ফেলে চলে গেলো। এই পরিস্থিতি উন্নতিকল্পে 'কল্যাণ' তাকে আর্থিক সাহায্য ও থাকার জায়গা করে দিয়েছে। বাসস্থান পেয়ে তাদেরকে কৃতজ্ঞতা জানিয়ে মামুন নরম গলায় বললো, "কাউকে যেন এরকম গৃহহীন ও একাকী থাকতে না হয়।"

For each of the sentences below, write **T** (true), **F** (false) or **NM** (not mentioned).

**0 4 . 1** All homeless people receive medical care on a daily basis.

**[1 mark]**

**0 4 . 2** Mamun lost his friends once he became homeless.

**[1 mark]**

**0 4 . 3** Mamun wishes to build a home for homeless people.

**[1 mark]**

**0 4 . 4** Kollan was able to provide accommodation for Mamun.

**[1 mark]**

**0 4 . 5** Mamun is unhappy about receiving help from Kollan.

**[1 mark]**

5

Do not write outside the box

**0 5** **Sports**

You read this profile of a Bengali footballer on a sports website.

নাশিদ খানের বয়স মাত্র ষোলো বছর। সে ইতিমধ্যেই বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দলে খেলেছে। সে গত বিশ্বকাপেও সর্বকনিষ্ঠা খেলোয়াড় হিসেবে প্রথমবারের মতো জাতীয় দলে খেলেছে। এখন এই ফুটবলার খেলার নতুন মরসুমের অপেক্ষা করছে যেটা শুরু হবে আগামী সপ্তাহে। বর্তমানে তাকে সতেরো বছরের অনুর্ধ বাংলাদেশ মহিলা দলের অধিনায়ক বা ক্যাপ্টেন করা হয়েছে।

"আমার যখন পাঁচ বছর বয়স তখন থেকেই আমি ফুটবল খেলতাম। আমার আরও দুই ভাই খেলতো। আমিও তাদের সাথে গিয়ে খেলার প্রশিক্ষণ নিতাম।" বললো নাশিদ। প্রথম প্রথম শুধু প্রতি সোমবার সন্ধ্যায় প্রশিক্ষণ চলতো। কিন্তু এটা যথেষ্ট ছিলো না। সপ্তাহান্তে সেসব খেলার কৌশল নাশিদ একেবারে ভুলে যেতো। তাই সে এখন তার দলের সদস্যদের সাথে রোজ ঘন্টার পর ঘন্টা খেলার অনুশীলন করে। তবে অন্যান্য শখও সে সময় করে মেটায়, যেমন রান্নাবান্না করা, ছায়াছবি দেখা এবং মোটর বাইক চালানোর শখ। মোটর বাইক চালিয়ে নাশিদ যখন খেলার মাঠে এসে পৌঁছায় তখর দর্শকরা বিস্মিত হয়ে তার দিকে তাকিয়ে থাকে। তার এই রাজসিকভাবে খেলার মাঠে আসা আর অল্প বয়সে জাতীয় দলে জায়গা করে নেওয়া অনেক মেয়েকেই অনুপ্রাণিত করেছে খেলার জগতে নাম লেখাতে।

Which **four** statements are true? Write the correct letters in the boxes.

| | |
|---|---|
| **A** | Nashid was not old enough to participate in the world cup. |
| **B** | Nashid was the youngest ever player in the Bangladesh national team. |
| **C** | The new football season is about to start. |
| **D** | Nobody in her family was interested in sports. |
| **E** | Initially, Nashid used to train once a week. |
| **F** | Nashid used to train with her friends. |
| **G** | Nashid likes going out with her brothers. |
| **H** | Nashid sometimes arrives at matches on her motorbike. |

☐ ☐ ☐ ☐

**[4 marks]**

4

**Turn over ▶**

Do not write outside the box

**0 6** **Healthy living**

A Bengali health magazine has published an article about healthy living.

**খাওয়ার পরে পানীয়**

প্রজন্মের পর প্রজন্ম ধরে ছেলেমেয়েরা শুনে আসছে, "খাওয়ার পরে তোমাদের পানি পান করা উচিৎ।" বলা হয়েছে যে খাওয়ার সময় পানি পান করাটা পেটের জন্য খারাপ। খাওয়ার আগে পানি পান করলে পেট ভরে যেতে পারে। তবে সেটা কি আসলেই সত্যি? পুষ্টিবিজ্ঞানী শম্পা মনে করেন, "অধিকাংশ লোকজন সেটা মেনে নিলেও এটা সত্যি নয়। এমনকি খাওয়ার সময় পানীয় পান করা গ্রহণযোগ্য। অবশ্য এক গ্লাস পানি খেলে সমস্যা হওয়ার কথা নয়।" তবে পানি ছাড়া ফলের রস পান করার সময় তোমাদের বিশেষ ভাবে সাবধান হতে হবে কারণ এগুলোতে যথেষ্ট ক্যালোরি রয়েছে যা শরীরের জন্য ক্ষতিকর। তাই ফলের রসের সাথে পানি মিশিয়ে পান করা সবচেয়ে ভালো।

Answer the questions in **English**.

**0 6 . 1** Why have generations of children been told to drink water **after** meals?
Give **one** detail.

**[1 mark]**

_______________________________________________

**0 6 . 2** What does the nutritionist say about drinking **during** meals? Give **one** detail.

**[1 mark]**

_______________________________________________

**0 6 . 3** According to the nutritionist, why should you be careful with fruit juice?

**[1 mark]**

_______________________________________________

3

*Do not write outside the box*

**Turn over for the next question**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Do not write outside the box

## 0 7 Family relationships

Your Bengali friend Rekha has sent you a letter.

অসুস্থতার কারণে আমার বাবা অনেকদিন অফিসে যেতে পারেননি। বাবা সুস্থ হয়ে অফিসে যাওয়ার পর ম্যানেজারের সাথে কথা কাটাকাটি হওয়ায় বাবাকে চাকরী থেকে বরখাস্ত করা হলো। এতে বাবারতো কোনো দোষ ছিলো না তাই তাঁর হতাশা আরও বেড়ে গেলো। একজন সাধারণ গৃহিণী হয়ে পরিবারের ব্যয়ভার কীভাবে বহন করবেন তা ভেবে পাচ্ছেন না মা। বাবা ইতিমধ্যে বেকার ভাতার জন্য কাউন্সিল অফিসে দৌড়াদৌড়ি করছেন। আমি অনেক চেষ্টা করে একটি সুপারমার্কেটে পার্ট-টাইম কাজ পেয়ে গেলাম। স্টুডেন্ট লোনেরতো এখন প্রশ্নই আসে না।

বাড়ির পরিবেশটা বিশেষ ভালো না। বাবা আগের মতো আর আমার প্রশংসা করেন না। মা-ও চুপচাপ থাকেন। স্কুলে গিয়েও আমি স্বস্তি পাই না। সামনে আমার পরীক্ষা। যদিও সব শিক্ষক-শিক্ষিকা আমার প্রতি বেশ সহানুভূতিশীল। তবে আমার বন্ধুরাই সুখে-দুখে সবচেয়ে বেশি আমার পাশে থাকে। বাড়ির পরিস্থিতি সামলানোর জন্যও আমাকে সাহায্য করে ও সাহস জোগায়। এতে আমার দুঃখ আমি ভুলে থাকতে পারি।

রেখা

Write the correct letter in each box.

**0 7 . 1** How has Rekha's father ended up in a difficult situation recently?

| | |
|---|---|
| **A** | He never recovered from his illness. |
| **B** | He was sacked. |
| **C** | He resigned from his job. |

☐

**[1 mark]**

**0 7 . 2** What is Rekha's father doing now?

| | |
|---|---|
| **A** | Applying for a loan |
| **B** | Working in a supermarket |
| **C** | Trying to receive unemployment benefit |

☐

**[1 mark]**

Do not write outside the box

**0 7 . 3** How has Rekha overcome this crisis?

| | |
|---|---|
| **A** | She has got a part-time job. |
| **B** | She has applied for benefits. |
| **C** | She has applied for a student loan. |

**[1 mark]**

**0 7 . 4** What helped Rekha the **most** to cope with her family situation?

| | |
|---|---|
| **A** | Sympathy from her teachers |
| **B** | Praise from her father |
| **C** | Encouragement from her friends |

**[1 mark]**

**4**

**Turn over for the next question**

*Do not write outside the box*

## Section B

Questions and answers in **Bengali**

**0 8** **মামার বাড়ি**

রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পগুচ্ছ থেকে নেওয়া 'ছুটি' গল্পের অংশবিশেষ তুমি পড়ছো।

বালকদের সর্দার ফটিকের মাথায় চট করে একটা নতুন বুদ্ধি এলো। নদীর ধারে বিরাট শালকাঠের যে গুঁড়ি পড়েছিলো, ফটিক ও তার দল স্থির করলো সকলে মিলে সেটা গড়িয়ে নিয়ে যাবে। বালকদের দল যখন কাজটি করতে উদ্যত হলো, তখনই ফটিকের ছোটোভাই মাখনলাল সেই গুঁড়ির উপর গিয়ে বসলো। এতে সবাই বিরক্ত হলো। ফটিক এসে ভাইকে ওঠানোর জন্য ভয় দেখালো, কিন্তু মাখনলাল কোনো কথায় কান না দিয়ে বসেই রইলো। ফটিকের দল অগত্যা মাখনলাল সহ কাঠ গড়াতে শুরু করলো।
গুঁড়ি ঠেলার সাথেসাথেই মাখনলাল মাটিতে পড়ে গেলো। সে কাঁদতে কাঁদতে বাড়ি গিয়ে ফটিকের নামে মায়ের কাছে নালিশ করলো। ফটিক বাড়িতে ঢুকতেই দেখলো এক আধবয়সী বাবুলোক বাড়িতে ঢুকলেন। বহুকাল পরে কলকাতা থেকে বোনকে দেখতে এসেছেন তাঁর বড়োভাই বিশ্বম্ভরবাবু। ফটিকের মা তাঁকে প্রণাম করলেন।
বিদায়বেলায় বিশ্বম্ভরবাবু বোনের কাছে থেকে ফটিকের অবাধ্যতা ও পাঠে অমনোযোগের কথা শুনে ফটিককে লেখাপড়া করানোর জন্য কলকাতায় নিয়ে যেতে চাইলেন। ফটিক আনন্দে লাফিয়ে উঠলো এবং যাবার সময় তার ছিপ, ঘুড়ি, লাটাই সবকিছু মাখনকে দিয়ে গেলো।

নিচের কোন **চারটি** তথ্য সত্য? প্রতিটি বাক্সে ঠিক **অক্ষরটি** লেখো।

| | |
|---|---|
| **A** | ছেলেদের দলনেতার মাথায় হঠাৎ করে অনেক সাহস এলো। |
| **B** | ছেলেদের দল ফটিকের পরামর্শে গাছের গুঁড়িটা গড়িয়ে নিয়ে গেলো। |
| **C** | ফটিকের ছোটোভাই গুঁড়ি ঠেলার কাজে সবাইকে সাহায্য করলো। |
| **D** | মাটিতে পড়ার সাথেসাথে মাখনলাল ফটিককে মারতে লাগলো। |
| **E** | ফটিক বাড়িতে ঢোকার সময় দেখতে পেলো একজন মাঝবয়সী ভদ্রলোককে। |
| **F** | ফটিকের মামা কলকাতা থেকে বোনকে দেখতে এসেছিলেন। |
| **G** | ফটিককে শাস্তি দেওয়ার জন্য মামা তাকে কলকাতায় নিয়ে যেতে চাইলেন। |
| **H** | কলকাতা যাওয়ার সময় ফটিক তার খেলার জিনিসগুলো ছোটোভাইকে দিয়ে দিলো। |

☐ ☐ ☐ ☐

**[4 marks]**

4

Do not write outside the box

**Turn over for the next question**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**Turn over ▶**

Do not write outside the box

**0 9** **ছুটির অভিজ্ঞতা**

কয়েকজনন ছেলেমেয়ের ছুটির অভিজ্ঞতার কথা তুমি ব্লগে পড়ছো ।



গত ছুটিতে স্কীইং করতে চেয়েছিলাম কিন্তু খারাপ আবহাওয়ার জন্য আমার আর সেটা করা হয়নি । তবে সমুদ্রতীরে বন্ধুদের সাথে সময় কাটিয়ে আর সন্ধ্যায় বীচে বারবেকিউ করে গত ছুটিটা আমার কেটেছে । আমার বন্ধুরা প্রথমে চেয়েছিলো কোনো এক পাহাড়ি এলাকার ক্যাম্পসাইটে থাকতে । শেষপর্যন্ত অবশ্য আমার ইচ্ছেতেই সবাই একমত হলো ।

**নাবিল**



ছুটিতে আমি স্কুলের কাজের চাপ ভুলে শহরের বাইরে এক কটেজে গিয়ে আরাম করেছি । সারাদিন শুধু প্রিয় লেখকদের বই না পড়ে কিংবা উপাদেয় খাবার না খেয়ে আমার সুন্দর দিনগুলো পরিবারের সাথে গ্রামের লম্বা পথে হেঁটে কাটিয়েছি ।

**লুবনা**



গত ছুটিতে আমি ঢাকা লালবাগের কেল্লায় গিয়েছিলাম । যদিও সেখানে অনেককিছু দেখার ছিলো কিন্তু লালবাগ কেল্লার ইতিহাস জানা নিয়ে এতো ব্যস্ত ছিলাম যে ওখানকার দর্শনীয় জিনিসগুলো ভালো করে দেখে উঠতে পারিনি, এমনকি কোনো ছবিও তুলিনি ।

**তানভির**



প্রতি বছর ছুটিতে বেড়াতে নিয়ে যাওয়ার মতো সামর্থ্য আমার বাবা-মায়ের নেই । তবে গত ছুটিতে আমরা চাচার বাড়িতে বেড়াতে গিয়েছিলাম । পাহাড়ের নিচে চাচার খামার বাড়ি । আমরা সেখানে আঁকাবাঁকা রাস্তায় ড্রাইভে না গিয়ে বা উঁচু পাহাড়ে না উঠে কাজিনদের সাথে চাচার খামার পরিষ্কার করেছি । সবাই মিলে কয়েকটা দিন খুব আনন্দেই কেটেছে ।

**বাণী**

Do not write outside the box

প্রতিটি বাক্‌সে ঠিক অক্ষরটি লেখো।

**0 9 . 1** গত ছুটিতে নাবিল ...

| | |
|---|---|
| **A** | স্কীইং করেছিলো। |
| **B** | সমুদ্রের ধারে সময় কাটিয়েছিলো। |
| **C** | ক্যাম্পসাইটে থেকেছিলো। |

**[1 mark]**

**0 9 . 2** লুবনা ছুটি কাটিয়েছে ...

| | |
|---|---|
| **A** | দিনভর সুস্বাদু খাবার খেয়ে। |
| **B** | প্রিয় লেখকদের বই পড়ে। |
| **C** | গ্রামের লম্বা পথে হাঁটাহাঁটি করে। |

**[1 mark]**

**0 9 . 3** তানভিরের এবারের ছুটি কেটেছে লালবাগের কেল্লার ...

| | |
|---|---|
| **A** | ইতিহাস সম্পর্কে জেনে। |
| **B** | দর্শনীয় জিনিসগুলো দেখে। |
| **C** | সুন্দর সুন্দর ছবি তুলে। |

**[1 mark]**

**0 9 . 4** এবারে বাণীর ছুটি কেটেছে ...

| | |
|---|---|
| **A** | আঁকাবাঁকা পথে চাচার গাড়ি চালিয়ে। |
| **B** | উঁচু-উঁচু পাহাড়ে উঠে। |
| **C** | চাচার খামার বাড়ি পরিষ্কার করে। |

**[1 mark]**

4

**Turn over ▶**

Do not write outside the box

**1 0** **চিউয়িং গাম**

চিউয়িং গামের ইতিহাস বেশ মজার। শুরুতে এক ধরনের গাছ স্যাপোডিলার রস চিউয়িং গামে ব্যবহার করা হতো। রেড ইন্ডিয়ানরা প্রথম এই রসের খোঁজ পায়। পরে একজন আমেরিকাবাসী টমাস এডাম্‌স এই রসকে চিউয়িং গামে পরিণত করার কথা ভাবেন। প্রথমে সেই গাছের রসে সিরাপ মিশিয়ে চিউয়িং গাম তৈরি করা হয়। কিন্তু সেটা ভালো চলেনি। পরবর্তীতে রসের সাথে চিনি মিশিয়ে বিক্রি করলেও সেটা লোকজন খুব একটা গ্রহণ করেনি। যখন এতে পেপারমিন্ট মেশানো হলো তখন ভালো সাড়া মিললো। টমাস এডাম্‌সের পর উইলিয়াম রিগ্‌লে সুন্দর প্যাকেটে মুড়িয়ে চিউয়িং গাম বিক্রি করা শুরু করলেন। ক্রেতারা চিউয়িং গামকে মুখে দিয়ে রাবারের মতো চিবুতে পারার বিশেষ ব্যাপারটাকে পছন্দ করে নিলো। চিউয়িং গামের বিক্রিও বাড়তে লাগলো। এটি ছড়িয়ে পড়তে শুরু করলো সারা বিশ্বে। রিগ্‌লের বেকিং পাউডারের ব্যবসা থাকলেও এই চিউয়িং গাম বিক্রি করেই তিনি বিরাট বড়লোক হয়ে উঠলেন। এখন নানান রঙে, গন্ধে আর ভিন্ন ভিন্ন ফলের স্বাদে পাওয়া যায় এই চিউয়িং গাম।

স্কুলের ছেলেমেয়েদের কাছেও চিউয়িং গাম খুব জনপ্রিয়। ক্লাশরুমে লেসন চলাকালেও চিউয়িং গাম মুখে দিয়ে চিবুতে ব্যস্ত থাকে। খারাপ লাগে যখন তারা এই মুখে থাকা চিউয়িং গাম স্কুলের কংক্রিটের মাঠে ফেলে দেয়। সবচেয়ে খারাপ লাগে যখন তারা ক্লাশরুমের টেবিলের তলায় আঠার মতো এই চিউয়িং গাম আটকে রাখে।

নিচের বাক্যগুলো সম্পুর্ণ করো। প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

**1 0 . 1** চিউয়িং গাম তৈরিতে সাড়া মিললো যখন গাছের রসে মেশানো হলো ...

| | |
|---|---|
| **A** | পেপারমিন্ট। |
| **B** | চিনি। |
| **C** | সিরাপ। |

**[1 mark]**

**1 0 . 2** চিউয়িং গাম সারা বিশে ছড়িয়ে পড়ে ...

| | |
|---|---|
| **A** | রেড ইন্ডিয়ানদের মাধ্যমে। |
| **B** | উইলিয়াম রিগ্‌লের মাধ্যমে। |
| **C** | টমাস এডাম্‌সের মাধ্যমে। |

**[1 mark]**

*Do not write outside the box*

**1 0 . 3** লোকজন চিউয়িং গাম খেতে শুরু করেছিলো ...

| | |
|---|---|
| **A** | রাবারের মতো চিবুতে পারার কারণে । |
| **B** | নানান ফলের স্বাদের কারণে । |
| **C** | নানারকম রঙ ও গন্ধের কারণে। |

**[1 mark]**

**1 0 . 4** উইলিয়াম রিগ্‌লে বিরাট বড়লোক হয়েছিলেন ...

| | |
|---|---|
| **A** | বেকিং পাউডার বিক্রি করে । |
| **B** | চিউয়িং গাম বিক্রি করে । |
| **C** | সুদৃশ্য প্যাকেট বিতরণ করে । |

**[1 mark]**

**1 0 . 5** চিউয়িং গাম সবচেয়ে বিরক্তিকর হয় যখন ছেলেমেয়েরা ...

| | |
|---|---|
| **A** | লেসনে চিউয়িং গাম চিবুতে থাকে । |
| **B** | স্কুলের মাঠে চিউয়িং গাম ফেলে । |
| **C** | টেবিলের তলায় চিউয়িং গাম আটকে রাখে । |

**[1 mark]**

5

**Turn over for the next question**

*Do not write outside the box*

**1 1** **প্রযুক্তি**

স্কুলে সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহারের নিয়ম সম্বন্ধে তুমি প্রযুক্তি ওয়েবসাইটে এই লেখাটি পড়ছো ।

> বাংলাদেশের শিক্ষা কর্তৃপক্ষ এই শিক্ষা বছরের প্রারম্ভে স্কুলের ক্লাশরুমগুলোতে ছাত্রছাত্রীদের জন্য ইন্টারনেট ব্যবহারের ওপর নতুন নিয়ম-কানুন প্রচলনের সিদ্ধান্ত নিয়েছে । শিক্ষক-শিক্ষিকাদেরও স্কুলের কাজে সামাজিক নেটওয়ার্ক ব্যবহারের অনুমতি থাকবে না । অবশ্য তারা ব্যক্তিগত কাজে নেটওয়ার্ক ব্যবহার করতে পারে ।
>
> অনেক শিক্ষক কর্তৃপক্ষের এই সিদ্ধান্তকে ভুল বলে মনে করছেন । সম্প্রতি পরীক্ষার কিছু প্রশ্নপত্র অসৎ উপায়ে পরীক্ষার আগেই ফেইসবুকের মাধ্যমে ফাঁস করে দেওয়া হয় । এতে শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা বাতিল করে নতুন করে তৈরি করা প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা নেয় । এরপর থেকে শিক্ষার্থীদের জন্য ফেইসবুকও ব্লক করে দেওয়া হয় ।

**বাংলায়** নিচের প্রশ্নগুলোর উত্তর দাও ।

**1 1 . 1** বাংলাদেশ শিক্ষা কর্তৃপক্ষ **কবে** এবং **কী** চালু করেছে?

**[2 marks]**

______________________________________________

______________________________________________

**1 1 . 2** স্কুলে শিক্ষকদের কীসের অনুমতি নেই?

**[1 mark]**

______________________________________________

**1 1 . 3** কর্তৃপক্ষের নতুন নিয়ম-কানুন চালুর ব্যাপারে কোনো কোনো শিক্ষকের প্রতিক্রিয়া কী ছিলো?

**[1 mark]**

______________________________________________

**1 1 . 4** কোন সাম্প্রতিক ঘটনার প্রেক্ষীতে বাংলাদেশে ফেইসবুক ব্লক করা হয় ?

**[1 mark]**

______________________________________________

5

Do not write outside the box

## Section C

Translation into **English**

**1 2** Your sister has seen this post on Facebook and asks you to translate it for her into **English**.

আমার সহপাঠীদের সাথে আমি রোজ বিকেলে বাড়ির অদূরে একটা খেলাধূলার মাঠে যাই কারণ সেখানে আমরা রাগবি খেলতে পারি । এতে আশেপাশের কিছু সংখ্যক বয়স্ক লোকজনের অসুবিধা হচ্ছিলো । আমরা তাই ঠিক করেছি তাদেরকে সাহায্য করবো । মাঝেমধ্যে তাদের বাজার করে ঘর-বাড়ি পরিষ্কার করে দেবো । তবে স্কুলের কাজের চাপ থাকায় এই মুহূর্তে সেটা সম্ভব হবে না ।

**[9 marks]**

9

**END OF QUESTIONS**

Do not write outside the box

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third-party copyright material are published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2019 AQA and its licensors. All rights reserved.